


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৭  
সরকারি পরিবহন পুল ভবন,  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-৭/২-এন-৩৬/২০০২(অংশ)- ৫৫।

তারিখঃ ২৫/৩/২০২১ খ্রিঃ

বিষয়ঃ নীলফামারী জেলার জলঢাকা উপজেলার ০২নং ডাউয়াবাড়ী ইউনিয়নের অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুল আজিজ এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার জলঢাকা উপজেলার ০২নং ডাউয়াবাড়ী ইউনিয়নের অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুল আজিজ এর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় এবং তার বিরুদ্ধে জেলা-রেজিস্ট্রার, নীলফামারী কর্তৃক তদন্তে বাল্যবিবাহ নিবন্ধন করা, ইনডেন্ট পাশের পূর্বে সরকারি প্রেস হতে বিবাহ ও তালাক নিবন্ধন বহিঃসংগ্রহ না করে বিবাহ ও তালাক নিবন্ধন করার অভিযোগ সত্য বলে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগ সমূহ মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ১১ বিধি অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

  
(শফিকুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
বিচার শাখা-৭  
ফোন-৯৫৫৮২৮৭

**প্রাপক :**

জনাব মোঃ আব্দুল আজিজ  
সাবেক নিকাহ রেজিস্ট্রার  
০২নং ডাউয়াবাড়ী ইউনিয়ন  
উপজেলা-জলঢাকা, জেলা-নীলফামারী।

**কার্যার্থে বিতরণ :**

- ০১। জেলা-রেজিস্ট্রার, নীলফামারী(সংশ্লিষ্ট সাবেক নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ড পত্র ও বাল্যম বিহীন জন্ম করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রী সংক্রান্ত কার্য পরিচালনার জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন ওয়ার্ড/ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০২। সাব-রেজিস্ট্রার, জলঢাকা, জেলা-নীলফামারী (তাকে বিধি মোতাবেক শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করতঃ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**জ্ঞাতার্থে বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ০১। মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।